তারিখ 13 APR 2015
পৃষ্ঠা ১৬ কলাম ৫

দৈনিক
ইত্তেফাক

# কাপ্তাইয়ে মাদ্রাসা ছাত্রের সন্ধান মেলেনি

■ কাপ্তাই (রাঙ্গামাটি) সংবোদদাতা

কাপ্তাইয়ের সুইডিশ হাফেজিয়া মাদ্রাসা ছাত্র মো. সালমান (১৩) গত ২ মাস ধরে নিখোঁজ রয়েছে।

নিখোঁজ সালমানের খোঁজে তার স্বজনরা নিকট আত্মীয়সহ সকল পরিচিত জনের বাড়ি এবং সম্ভাব্য সর্বত্র সন্ধান করেও তার কোন সংবাদ পায়নি বলে জানান তার বাবা মীর কাশেম এবং মা বিবি হাজেরা। সালমানকে কেউ অপহরণ করেছে কিনা এমন তথ্যও তারা জানাতে পারেননি।

সুইডিশ হাফেজিয়া মাদ্রাসার হাফেজ মোহাম্মদ মোজাম্মেল জানান, সালমান গত ৮ ফেব্রুয়ারি বেলা প্রায় ১২টার সময় কাউকে না বলে মাদ্রাসা থেকে চলে যায়। যাবার সময় তার গায়ে হালকা জলপাই রঙের ফুলহাতা গেঞ্জি ও ঘিয়ে রঙের পায়জামা পরনে ছিল। তার গায়ের রং শ্যামলা।

সালমানের নিখোঁজ হবার বিষয়টি স্থানীয় ইউনিয়ন পরিষদ ও পুলিশ ফাঁড়িতে অবহিত করা হয়েছে। নিখোঁজ সালমানের সন্ধান পাওয়া গেলে ০১৮২৪৭৭১৫৪২ অথবা ০১৫৫৮৬৭০৬৮৫ নাম্বারে জানানোর জন্য তার বাবা অনুরোধ জানিয়েছেন।